গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-২১৮ তারিখঃ ১৮/০৭/২০১৬
সময়ঃ বিকাল ৩.৩০ টা।

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ১৭.০৭.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমুহের জন্য সতর্কতা:** সমুদ্র বন্দর সমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

**নদীবন্দর সমুহের জন্য সতর্ক সংকেতঃ** (আজ সন্ধ্যা ৬.০টা পর্যন্ত)
রাজশাহী, রংপুর, পাবনা, বগুড়া, টাংগাইল, ময়মনসিংহ, সিলেট, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালী, কুমিল্লা, নোয়াখালী, চট্টগ্রাম ও কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলকার নদী বন্দরসমূহের জন্য ০১ (এক) নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**পূর্বাভাসঃ** রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অধিকাংশ জায়গায় এবং ঢাকা ও খুলনা বিভাগের অনেক জায়গায় অস্থায়ী দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

**তাপমাত্রা ঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৩.৫ | ৩২.৫ | ৩২.০ | ৩৩.৩ | ৩১.২ | ৩৩.০ | ৩৩.৪ | ৩০.৫ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৫ | ২৫.০ | ২৩.৫ | ২৪.৬ | ২৪.৮ | ২৫.৩ | ২৪.৮ | ২৪.৬ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল টাংগাইল ৩৩.৫ ডিগ্রী সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল সন্দীপ ২৩.৫ ডিগ্রী সে.।

০২। **নদ-নদীর পানি হ্রাস /বৃদ্ধির সর্বশেষ অবস্থাঃ** (তথ্যসূত্রঃ বন্যা পুর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, বাপাউবো)

| | | | |
|---|---|---|---|
| মোট পর্যবেক্ষণ পয়েন্টের সংখ্যা | ৯০ টি | পানি স্থিতিশীল রয়েছে | ০২ টি |
| পানি বৃদ্ধি পেয়েছে | ৭৪ টি | তথ্য পাওয়া যায়নি | ০৩ টি |
| পানি হ্রাস পেয়েছে | ১১ টি | বিপদসীমার উপরে দিয়ে প্রবাহিত হচ্ছে | ০৩ টি |

**নিম্নবর্ণিত ০২ টি পয়েন্টে নদীর পানি বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছেঃ**

| ক্র.নং | জেলার নাম | নদীর নাম | ষ্টেশনের নাম | পানি বৃদ্ধি (+) হ্রাস (-)(cm) | বিপদসীমার উপরে আছে (cm) |
|---|---|---|---|---|---|
| ০১ | নীলফামারী | ডালিয়া | তিস্তা | + ১৫ | + ১০ |
| ০২ | নেত্রকোনা | কংশ | জারিয়াজাঞ্জাইল | - ০৪ | + ৪৬ |
| ০৩ | কুড়িগ্রাম | ব্রহ্মপুত্র | চিলমারী | + ১৪ | + ১ |

**এক নজরে নদ-নদীর পরিস্থিতি**

- ব্রহ্মপুত্র-যমুনা, গঙ্গা-পদ্মা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- ব্রহ্মপুত্র-যমুনা ও সুরমা-কুশিয়ারা নদ-নদীসমূহের পানি সমতল আগামী ৪৮ ঘন্টা পর্যন্ বব্দ্ধি পেতে পারে।
- ব্রহ্মপুত্র নদ চিলমারি এবং ধলেশ্বরী নদী এলাসিন পয়েন্টে আগামী ৪৮ ঘন্টায় বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে।
- গঙ্গা-পদ্মা নদীসমূহের পানি সমতল আগামী ৭২ ঘন্টা পর্যন্ বব্দ্ধি পেতে পারে।

০৩। **গত ২৪ ঘন্টায় দেশের বিভিন্ন স্থানে উল্লেখযোগ্য বৃষ্টিপাতঃ (গতকাল সকাল ৯ টা থেকে আজ সকাল ৯টা পর্যন্ত)**

| স্টেশন | বারিপাত (মি.মি.) | স্টেশন | বারিপাত (মি.মি.) | বারিপাত | বারিপাত (মি.মি.) |
|---|---|---|---|---|---|
| লরেরগড়, সুনামগঞ্জ | ১৫০.০ | সুনামগঞ্জ | ৭৫.০ | কুমিলা | ১১০.০ |
| ভাগ্যকূল, মুন্সিগঞ্জ | ৭২.৫ | টেকনাফ | ১০৯.০ | দুর্গাপুর, নেত্রকোনা | ৬৫.০ |
| ময়মনসিংহ | ১০৪.৫ | বগুড়া | ৬০.০ | জারিয়াজঞ্জাইল | ৯৮.০ |
| পঞ্চগড় | ৫৬.০ | মাদারীপুর | ৯৫.৫ | যশোর | ৫৩.৮ |
| কক্সবাজার | ৯১.০ | মহাদেবপুর, নওগাঁ | ৫৩.০ | নওগাঁ | ৮০.০ |
| কুড়িগ্রাম | ৫২.৫ | নাকুয়াগাঁও, শেরপুর | ৭৮.০ | চাঁপাইনবাবগঞ্জ | ৫১.৮ |
| নোয়াখালী | ৭৫.৮ | কাউনিয়া, লালমনিরহাট | ৪৮.০ | | |

০৪। নদী ভাংগনঃ

**নীলফামারীঃ** গত ১৫/৭/২০১৬ইং তারিখ নীলফামারী জেলার জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় থেকে জানানো হয়েছে যে, জেলার ডিমলা উপজেলায় কাপা খড়িবাড়ী ইউনিয়নের চর খড়িবাড়ী মৌজায় তিস্তা নদীর পার্শ্ববর্তী সেবাশ্রম বাঁধ ভেংগে আবাসিক এলাকায় পানি প্রবেশ করেছে। ভাংগনের মুখে ২৫০টি ঘর অন্যত্র সরিয়ে নেয়া হয়েছে। ২টি সরকারি প্রাথমিক বিদ্যালয় ও ১টি হাই স্কুল ভাংগনের মুখে ক্ষতিগ্রস্ত হয়েছে। এছাড়াও কয়েকটি ব্রীজ হুমকির সম্মুখিন।

**ফেনীঃ** পি,আই,ও ফুলগাজী জানান গত ১৬.০৭.২০১৬ইং তারিখ রাতে ফুলগাজী উপজেলার সদর ইউনিয়নে একটি বেড়ী বাঁধ ভেংগে ০৫টি গ্রাম প্লাবিত হয়েছে। পানিতে কিছু ঘরবাড়ী ও ফসলের ক্ষতি হয়েছে। পানি কমিতেছে। পরিস্থিতির উন্নতি হচ্ছে। দুই একদিন বৃষ্টি না থাকলে পানি পুরোপুরি নেমে যাবে। ক্ষতিগ্রস্হ পরিবারের মাঝে ৩০০ প্যাকেট শুকনা খাবার বিতরণ করা হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ

মন্ত্রণালয় হতে বরাদ্দকৃত ত্রাণ সামগ্রী থেকে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিগ্রস্থ ৫০০ পরিবারের মাঝে ২০কেজি হারে মোট ১০ মে:টন চাউল বিতরণ করা হয়েছে। পানি উন্নয়ন বোর্ড বাঁধটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছে।

**০৫। বন্যাঃ**

**লালমনিরহাটঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট জানিয়েছেন যে, বৃষ্টিপাত ও উজান থেকে আসা পানির চাপে লালমনিরহাট জেলার ধরলা ও তিস্তা নদীর পানি বৃদ্ধি পেয়ে গতকাল ১৭/৭/২০১৬খ্রিঃ তারিখে কিছু সময়ের জন্য বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছিল। তবে বর্তমানে বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে। পানি বৃদ্ধির ফলে ধরলা ও তিস্তা নদীর তীরবর্তী ৩টি উপজেলার ৬টি ইউনিয়নের নিম্নাঞ্চলে বন্যার পানি প্রবেশ করেছে। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা জানান, এতে ঐ সকল এলাকার প্রায় ৩,০০০ পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে। বিস্তারিত তথ্য উপজেলাগুলো থেকে পাওয়ার পর জানানো হবে বলে জানিয়েছেন।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের **NDRCC** (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭**x**২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য **NDRCC**'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ **email** নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ

**টেলিফোন নম্বরঃ ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬, ৯৫৪৫১১৫, ৯৫৪৬৬৬৩; মোবাইল নম্বরঃ ০১৭১১-৪৪৭২৭৬ এবং ০১৯৩৭-১৬৩৫৮২**

**ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০; Email:** ndrcc@modmr.gov.bd

**স্বাক্ষরিত/-**
**(জি, এম, আব্দুল কাদের)**
উপ-সচিব (এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৫। প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/দুঃব্যঃ/ত্রাণ/দুব্যক), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব),দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী,ঢাকা।
০৯। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
১০। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১১। সিস্টেম এনালিষ্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
১২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রোনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।